দৈনিক ইত্তেফাক

তারিখ 31 DEC 2002
পৃষ্ঠা ৫

# ছাত্র দিয়েই ছাত্র রাজনীতি করাতে হবে আ স ম আবদুর রব

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ ছাত্রলীগ (রানা-খোকন)-এর কেন্দ্রীয় সম্মেলন ২০০২ গতকাল মহানগর নাট্যমঞ্চে অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় জাসদের প্রধান উপদেষ্টা আ স ম আবদুর রব বলেছেন, ছাত্র সমাজের অতীত ঐতিহ্য ধরে রাখতে হলে ছাত্র দিয়েই ছাত্র রাজনীতি করাতে হবে।

গতকাল দুপুরে মহানগর নাট্যমঞ্চে ছাত্র লীগের সভাপতি এস এম সাহেব উল্লাহ রানার সভাপতিত্বে অনুষ্ঠিত কেন্দ্রীয় সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন জাসদ সভাপতি নূরে আলম জিকু, আরো বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক আবদুল মালেক রতন, সাবেক ছাত্রলীগ সভাপতি ঈশবাজুর রহমান শামীম, শহীদ উদ্দীন স্বপন, সাঈদুর রহমান স্বপন, আবুল খায়ের, সাজ্জাদ ও আবদুল খালেক প্রমুখ।

আ স ম রব বলেন, স্বাধিকার আন্দোলন থেকে স্বাধীনতা যুদ্ধ এবং সকল গণতান্ত্রিক আন্দোলনেই ছাত্র সমাজের ভূমিকা ছিল অপরিসীম। ছাত্রদেরকে স্বাধীন ও সক্রিয় ধারায় থেকে আন্দোলন-সংগ্রাম গড়ে তুলতে হবে।

জনাব নূরে আলম জিকু বলেন, ছাত্র আন্দোলনের বিকল্প নেই। ছাত্র সমাজই সর্বপ্রথম দেশের স্বাধীনতার পতাকা উত্তোলন করে জাতিকে মুক্তির পথ দেখিয়েছিল। পতাকা উত্তোলনের সূত্র ধরেই ৭ মার্চের ভাষণ হয়েছিল এবং জাতি স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল।